হবিগঞ্জ সদর উপজেলা পরিষদের নভেম্বর,২০২১ মাসের মাসিক সভার কার্যবিবরণীঃ

সভাপতি ঃ মোতাচ্ছিরুল ইসলাম
চেয়ারম্যান, উপজেলা পরিষদ, হবিগঞ্জ সদর,হবিগঞ্জ
সভার তারিখ ঃ ৩০ নভেম্বর ২০২১ সময় ঃ বেলা ১১:০০ ঘটিকা
সভার স্থান ঃ উপজেলা পরিষদ সভাকক্ষ
সভার হাজিরা ঃ পরিশিষ্ট 'ক' দ্রষ্টব্য

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। পরে নিম্ন বর্ণিত আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়।

ক্র:নং	বিভাগ/বিষয়	আলোচনা	সিদ্ধান্ত	দায়িত্ব
০১	বিগত সভার কার্যবিবরণী	উপজেলা নির্বাহী অফিসার কর্তৃক বিগত ১৮.১০.২০২১ খ্রি: তারিখের সভার কার্য বিবরণী পাঠ করে শুনানো হয়।	কোন সংশোধনী না থাকায় বিগত সভার কার্যবিবরণী সর্বসম্মতিক্রমে দৃঢ়ীকরণ করা হয়।	–.
০২	স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর	উপজেলা প্রকৌশলী জানান যে, ২০২১-২০২২ অর্থ বছরে বার্ষিক কর্মসূচির(এডিপি) স্কীমসমূহ ইউনিয়নসমূহ হতে পাওয়া গিয়েছে। কিন্তু ইউনিয়ন পরিষদ নির্বাচনের দরুন স্কীম বাছাই কমিটির সভা করা সম্ভব হয়নি।	প্রাপ্ত স্কীমসমূহ যাচাই বাচাই করার জন্য স্কীম বাছাই কমিটির সভা আহবানপূর্বক স্কীম বাছাই করে পরবর্তী সভায় উপস্থাপন করার সিদ্ধান্ত গৃহীত হয়।	চেয়ারম্যান, উপজেলা পরিষদ/উপজেলা প্রকৌশলী হবিগঞ্জ সদর।
০৩	কৃষি বিভাগ	উপজেলা কৃষি অফিসার, হবিগঞ্জ সদর বলেন, চলতি মৌসুমে ৩৩৫৫ জন কৃষককে হাইব্রিড বীজ বিতরণ করা হবে এবং ১৫৫০ জন কৃষককে প্রণোদনা, সার ও বীজ প্রদান করা হবে।	সার, বীজ ও প্রণোদনা সুষ্ঠুভাবে বিতরণ নিশ্চিত করার সিদ্ধান্ত গৃহীত হয়।	উপজেলা কৃষি অফিসার, হবিগঞ্জ সদর
০৪	মাধ্যমিক শিক্ষা বিভাগ	উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, হবিগঞ্জ সদর বলেন, এ বছরে এসএসসি পরীক্ষা সুষ্ঠ ও সুন্দরভাবে সম্পন্ন হয়েছে। আগামী ০২ ডিসেম্বর হতে এইচএসসি পরীক্ষা অনুষ্ঠিত হবে। তিনি আরও বলেন, নির্বাচন ভবনের সন্নিকটে উপজেলা পর্যায়ে মাধ্যমিক অফিসের জন্য দু'তলা ভবন নির্মাণের ২ বছর পূর্বে প্রস্তাব প্রেরণ করা হয়েছিল। তদপ্রেক্ষিতে প্রস্তাবিত স্থান পরিদর্শন করার জন্য ঢাকা হতে ১টি টিম ১ সপ্তাহের মধ্যে আগমন করবেন মর্মে জানা গিয়েছে। এ ব্যাপারে তিনি সকলের সহযোগিতা কামনা করেন।	(ক) পরীক্ষা সুষ্ঠুভাবে সম্পন্ন করার লক্ষ্যে সংশ্লিষ্ট সকল কে সহযোগিতা করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। (খ) ঢাকা হতে আগত টিমকে সার্বিক সহযোগিতা সহ বিষয়টি পরবর্তী সভায় অবহিত করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়।	(ক) সংশ্লিষ্ট (সকল), হবিগঞ্জ সদর (খ) উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা, হবিগঞ্জ সদর
০৫	উপজেলা শিক্ষা বিভাগ	উপজেলা শিক্ষা অফিসার, হবিগঞ্জ সদর বলেন, সরকারি নির্দেশনা মোতাবেক চলতি ২০২১ সনে প্রাথমিক শিক্ষা সমাপনী পরীক্ষা অনুষ্ঠিত হবে না। প্রত্যেক বিদ্যালয় নিজস্ব ব্যবস্থাপনায় বিভাগীয় নির্দেশনা মোতাবেক ১ম, থেকে ৫ম শ্রেণির শিক্ষার্থীদের মূল্যায়ণ করবে। তিনি আর ও বলেন, ২৮ নভেম্বরের ইউপি নির্বাচনে কয়েকটি বিদ্যালয় কেন্দ্রে ঝগড়া বিবাদের কারণে গ্রীল,দরজা,জানালা ও আসবাবপত্রের ক্ষয়-ক্ষতি হয়েছে। এ সকল বিদ্যালয় মেরামত করা প্রয়োজন।	(ক) স্বাস্থ্য বিধি মেনে ক্লাসে পাঠদান কার্যক্রম পরিচালনা হচ্ছে কিনা এবং শিক্ষকগণের উপস্থিতির ব্যাপারে নিয়মিত তদারকি করতে হবে। (খ) নির্বাচনে ক্ষয়-ক্ষতির বিষয়টি প্রাথমিকভাবে সংশ্লিষ্ট রিটার্ণিং অফিসার বরাবরে লিখিতভাবে অবহিত করতে হবে।	(ক) উপজেলা শিক্ষা অফিসার, হবিগঞ্জ সদর (খ) উপজেলা শিক্ষা অফিসার, হবিগঞ্জ সদর
০৬	জনস্বাস্থ্য প্রকৌশলী হবিগঞ্জ সদর	সহকারী প্রকোশলী জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, হবিগঞ্জ সদর সভায় উপস্থিত না থাকায় আলোচনা করা সম্ভব হয়নি।	পরবর্তী সভায় উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো	সহকারী প্রকোশলী জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, হবিগঞ্জ সদর

০৭	সমাজ সেবা বিভাগ	উপজেলা সমাজ সেবা অফিসার, হবিগঞ্জ সদর বলেন তার দপ্তরে প্রতিবন্ধী শিক্ষা প্রকল্প চলমান রয়েছে। উপকারভোগীদের নিকট হতে প্রাপ্ত আবেদনের সংখ্যা অত্যন্ত কম। প্রতিবন্ধী শিক্ষা প্রকল্পের অধীনে আবেদনের সংখ্যা বৃদ্ধি করা হলে অধিসংখ্যক লোক উপকৃত হবে। তিনি আরো বলেন যারা প্রতিবন্ধী ভাতা পাচ্ছেন, তারা প্রতিবন্ধী শিক্ষাভাতা পাবেন না। এ ব্যাপারে সচেতনতা বৃদ্ধি করার জন্য সকলের সহযোগিতা কামনা করেন।	প্রতিবন্ধী শিক্ষা ভাতা প্রাপ্তির ব্যাপারে বহুল প্রচারণাসহ নিবন্ধন কার্যক্রম সম্পন্ন করার সিদ্ধান্ত গৃহীত হয়।	উপজেলা সমাজসেবা কর্মকর্তা/ জনপ্রতিনিধি (সকল), হবিগঞ্জ সদর।
০৮	পরিবার পরিকল্পনা বিভাগ	উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, হবিগঞ্জ সদর বলেন, করোনা পরিস্থিতিতে অফিসের কার্যক্রম স্থবির ছিল। বর্তমানে দাপ্তরিক কার্যক্রম দ্রুত এগিয়ে চলছে। তিনি আরো বলেন, উপজেলা নির্বাহী অফিসার এবং উপজেলা পরিষদ চেয়ারম্যান মহোদয়ের প্রচেষ্ঠায় নরমাল ডেলিভারী কার্যক্রম ভালভাবে এগিয়ে চলছে।	নরমাল ডেলিভারী বিষয়ে গর্ভবর্তী মায়েদেরকে উৎসাহিত করার সিদ্ধান্ত গৃহীত হয়।	উপজেলা পরিবার পরিকল্পনা অফিসার/জন প্রতিনিধি (সকল), হবিগঞ্জ সদর
০৯	সমবায় বিভাগ	উপজেলা সমবায় অফিসার, হবিগঞ্জ সদর বলেন, দাপ্তরিক কার্যক্রমের মধ্যে সমবায় সমিতিসমূহের অডিট করা গুরুত্বপূর্ণ। তাই নিয়মিতভাবে অডিট কাজ সম্পাদন করা হচ্ছে। অফিসের অন্যান্য কার্যক্রম ও চলমান আছে।	যথযথভাবে কার্যক্রম চালিয়ে যাওয়ার জন্য অনুরোধ করা হয়।	উপজেলা সমবায় অফিসার, হবিগঞ্জ সদর
১০	মৎস্য বিভাগ	সিনিয়র উপজেলা মৎস্য অফিসার, হবিগঞ্জ সদর বলেন, তার অফিসের কাজকর্ম স্বাভাবিকভাবে চলমান আছে।	যথযথভাবে কার্যক্রম চালিয়ে যাওয়ার জন্য অনুরোধ করা হয়।	সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা, হবিগঞ্জ সদর
১১	যুব উন্নয়ন বিভাগ	উপজেলা যুবউন্নয়ন কর্মকর্তা, হবিগঞ্জ সদর বলেন তার অফিসের কার্যক্রম স্বাভাবিক রয়েছে।	যথযথভাবে কার্যক্রম চালিয়ে যাওয়ার জন্য অনুরোধ করা হয়।	উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, হবিগঞ্জ সদর
১২	পল্লী উন্নয়ন বিভাগ	উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, হবিগঞ্জ সদর বলেন তার অফিসের কার্যক্রম স্বাভাবিক রয়েছে।	যথযথভাবে কার্যক্রম চালিয়ে যাওয়ার জন্য অনুরোধ করা হয়।	উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, হবিগঞ্জ সদর
১৩	পল্লী সঞ্চয় ব্যাংক	শাখা ব্যবস্থাপক, পল্লী সঞ্চয় ব্যাংক, হবিগঞ্জ সদর বলেন, তার অফিসের কার্যক্রম স্বাভাবিক রয়েছে।	যথযথভাবে কার্যক্রম চালিয়ে যাওয়ার জন্য অনুরোধ করা হয়।	শাখা ব্যবস্থাপক,পল্লী সঞ্চয় ব্যাংক, হবিগঞ্জ সদর
১৪	স্বাস্থ্য ও প: প: বিভাগ	মেডিকেল অফিসার উপজেলা স্বাস্থ্য ও প:প: অফিস, হবিগঞ্জ সদর বলেন বহি:বিশ্বের কোন কোন দেশে করোনাভাইরাস পুনরায় হানা দিচ্ছে। তবে বাংলাদেশে এখন পর্যন্ত আক্রান্ত হয়নি। এব্যাপারে সকলের সচেতনতাসহ স্বাস্থ্যবিধি মেনে চলার জন্য সকলকে আহবান জানান। তিনি আরো বলেন শীতকালে লোকজন খেজুরের রস খায়, কাঁচা খেজুরের রস থেকে নিপা ভাইরাস নামক রোগ সংক্রমণ হয়। এটি মরণব্যাধির মত ভয়ানক। তাই কাঁচা খেজুরের রস না খাওয়ার জন্য সচেতনতা বৃদ্ধির উপর গুরুত্বারোপ করেন।	করোনা প্রতিরোধে স্বাস্থ্যবিধি মেনে চলা এবং নিপাহ ভাইরাস প্রতিরোধে কাঁচা খেজুরের রস না খাওয়ার ব্যাপারে জনসচেতনতা বৃদ্ধি করার সিদ্ধান্ত গৃহীত হয়। এছাড়া নিয়মিতভাবে প্রতিনিধি প্রেরণ না করে পরবর্তী সভাসমূহে নিজে উপস্থিত থাকার জন্য উপজেলা স্বাস্থ্য ও প: প: কর্মকর্তাকে অনুরোধ করা হয়।	জনপ্রতিনিধি (সকল)/ বিভাগীয় প্রধান (সকল), হবিগঞ্জ সদর
১৫	মহিলা বিষয়ক	উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা(অ:দা:), হবিগঞ্জ সদর বলেন, সদর উপজেলায় উপজেলা মহিলা বিষয়ক অফিসার না থাকায় জেলা মহিলা বিষয়ক কর্মকর্তার দায়িত্ব পালনের পাশাপাশি উপজেলার দায়িত্ব পালন করতে হয়। জনবলের স্বল্পতার কারণে উপজেলা মাসিক	পরিষদের মাসিক সভায় নিয়মিত উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো।	উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা (অ:দা:), হবিগঞ্জ সদর

		সভাসহ সকল কার্যক্রমে উপস্থিত থাকা সম্ভব হয় না। এ জন্য তিনি সকলের সহযোগিতা কামনা করেন।		
১৬	প্রাণিসম্পদ বিভাগ	উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, হবিগঞ্জ সদর সভায় উপস্থিত না থাকায় আলোচনা করা সম্ভব হয়নি।	পরবর্তী সভায় উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো	উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, হবিগঞ্জ সদর
১৭	বিএডিসি (সেচ) বিভাগ	উপসহকারী প্রকৌশলী বিএডিসি (সেচ), হবিগঞ্জ সদর সভায় উপস্থিত না থাকায় আলোচনা করা সম্ভব হয়নি।	পরবর্তী সভায় উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো	উপসহকারী প্রকৌশলী বিএডিসি (সেচ), হবিগঞ্জ সদর
১৮	ত্রাণ ও পুনর্বাসন	উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, হবিগঞ্জ সদর সভায় উপস্থিত না থাকায় আলোচনা করা সম্ভব হয়নি।	পরবর্তী সভায় উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো	উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, হবিগঞ্জ সদর
১৯	খাদ্য বিভাগ	উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, হবিগঞ্জ সদর সভায় উপস্থিত না থাকায় আলোচনা করা সম্ভব হয়নি।	পরবর্তী সভায় উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো	উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, হবিগঞ্জ সদর
২০	বিবিধ	(ক) জনাব মোঃ দেলোয়ার হোসেন, উপজেলা ডেভেলপমেন্ট ফ্যাসিলেটেটর, জাইকা প্রকল্প, হবিগঞ্জ সদর সভায় জানান যে, উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্পের আওতায় ২০২০-২১ অর্থ বছরে অবকাঠামো উন্নয়ন উপ প্রকল্প বাস্তবায়নের জন্য প্রকল্প বাছাই কমিটি কর্তৃক ৩টি উপ-প্রকল্প বাছাই করা হয়েছে। প্রকল্পগুলো নিম্নরুপ:- ১।(ক) বামকান্দি ইব্রাহিম মিয়ার বাড়ি হতে বাচ্চু মিয়ার বাড়ি পর্যন্ত আরসিসি ড্রেন নির্মাণ; (খ) বামকান্দি মিনহাজুল মিয়ার বাড়ি হতে সুবোধ দাসের বাড়ি পর্যন্ত আরসিসি ড্রেন নির্মাণ;(গ) বেকিটেকা ছুরাব আলীর বাড়ি হতে শুকুর আলীর বাড়ি পর্যন্ত আরসিসি ড্রেন নির্মাণ-বরাদ্দ ২০,০০,০০০/-টাকা। ২। লস্করপুর ইউনিয়নের প্রধান সড়ক হতে গোপায়া ইউনিয়নের ভাদৈ গ্রাম পর্যন্ত রাস্তায় স্ট্রীট লাইট স্থাপন,বরাদ্দ ১০,০০,০০০/-টাকা। ৩। নোয়াখাল গ্রামে দক্ষিণদার বোরাক নদীতে ও খোয়াই নদীতে গোপালপুর নৌকাঘাটে ঘাটলা নির্মাণ,বরাদ্দ ১০,০০,০০০/- টাকা। তিনি সক্ষমতা উন্নয়ন প্রশিক্ষণ সংক্রান্ত নিম্নে বর্ণিত উপ-প্রকল্পগুলোও সভায় অনুমোদনের জন্য উপস্থাপন করেন। (১) প্রত্যন্ত অঞ্চলে মানসম্মত প্রাথমিক শিক্ষা বাস্তবায়ন নিশ্চিত করতে শিক্ষক ও এসএমসি সদস্যদের দায়িত্ব কর্তব্য ও বিদ্যালয় ব্যবস্থাপনা বিষয়ক প্রশিক্ষণ; বরাদ্দ ১,৫৭,৩০০/- টাকা। (২) উপজেলার বেকার যুবক-যুবতিদের আত্ম কর্মসংস্থানের জন্য হস্ত শিল্প বিষয়ক প্রশিক্ষণ; ১,৭৫,৬৮০/- টাকা। (৩) উপজেলার বিভিন্ন ইউনিয়নের কৃষকদের জৈব বালাইনাশক ও বিষমুক্ত খাদ্য উৎপাদন বিষয়ক প্রশিক্ষণ;বরাদ্দ ১,৭৫,৬০০/- টাকা। (৪) নিরাপদ খাবার ও সেবা নিশ্চিত করার জন্য খাবার হোটেল/রেস্তোরা মালিক ও শ্রমিকদের সচেতনতা বৃদ্ধিমূলক প্রশিক্ষণ; বরাদ্দ ১,৫৬,০০০/- টাকা।	(ক) বিস্তারিত আলোচনার পর বর্ণিত প্রকল্পসমূহ সর্বসম্মতিক্রমে অনুমোদিত হয়।	(ক) উপজেলা প্রকৌশলী/ উপজেলা ডেভেলপমেন্ট ফ্যাসিলেটেটর, হবিগঞ্জ সদর

		(৫) নির্বাচিত জনপ্রতিনিধি,শিক্ষক,ধর্মীয় নেতা ও সমাজের বিশিষ্ট ব্যক্তিদের বাল্য বিবাহ প্রতিরোধ এবং বিভিন্ন আইন সম্পর্কে ধারণা বিষয়ক প্রশিক্ষণ; ১,৭৮,৮০০/- টাকা। (৬) ডিজিটাল বাংলাদেশ গড়ার লক্ষ্যে ইউনিয়ন পর্যায়ে ই-ফাইলিং,ওয়েব পোর্টাল ও ডিজিটাল সেবা বিষয়ক প্রশিক্ষণ; ১,৫৬,৬২০/- টাকা। (খ) জনাব ফেরদৌস আরা বেগম, মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, হবিগঞ্জ সদর বলেন, সকল সদস্যকে মাসিক সভায় উপস্থিত থাকা প্রয়োজন। তিনি বলেন, জাইকা প্রকল্পের অধীন উপজেলা নারী প্রশিক্ষণ কার্যক্রম চলমান আছে। ভবিষ্যতে আরও প্রকল্প গ্রহণ করার জন্য তিনি প্রস্তাব করেন। (গ) উপজেলা নির্বাহী অফিসার, হবিগঞ্জ সদর বলেন, বিগত ২৮ নভেম্বর এ উপজেলায় ইউপি নির্বাচন সম্পন্ন হয়েছে। উক্ত নির্বাচনে যারা সহযোগিতা করেছেন তাদের সকলকে তিনি ধন্যবাদ জানান। সভায় অনুপস্থিত কমিটির সদস্যদের পরবর্তী সভায় উপস্থিত থাকার জন্য অনুরোধ জানান।		
		(ঘ) জনাব মোতাচ্ছিরুল ইসলাম, চেয়ারম্যান, উপজেলা পরিষদ, হবিগঞ্জ সদর সদ্য অনুষ্ঠিত ইউপি নির্বাচনে অংশগ্রহণকারী প্রার্থীগণসহ নির্বাচনে সহযোগিতাকারী সকলকে ধন্যবাদ জানান। অদ্যকার সভায় বিভিন্ন অফিস প্রধানগণ অনুপস্থিত থাকায় এবং কেহ কেহ দেরীতে উপস্থিত হওয়ায় ক্ষোভ প্রকাশ করেন। তিনি বলেন, মাসিক সভায় সকলের উপস্থিত থাকা জরুরী। সভায় সকলের উপস্থিতির মাধ্যমে সুন্দর সমন্বয়ের মাধ্যমে অনেক সমস্যার সমাধানের পথ তৈরী হয়। পরবর্তী সভা হতে সকল সদস্যকে উপস্থিত থাকার উপর তিনি গুরুত্বারোপ করেন।	(খ) সভার কার্যবিবরণীতে উপস্থিত ও অনুপস্থিত সদস্যদের নামের তালিকা উল্লেখপূর্বক দপ্তরের পাশে অনুপস্থিতি লিপিবদ্ধ করার সিদ্ধান্ত গৃহীত হয়।	(খ) উপজেলা নির্বাহী অফিসার, হবিগঞ্জ সদর
		তিনি উপজেলা পরিষদের নভেম্বর,২০২১ মাসের মাসিক সভার আপ্যায়ন বিল= ৩০,০০০/- টাকা; উপজেলা পরিষদের মনোহারী দ্রব্যাদি ক্রয় বাবদ ৮,০০০/- টাকা; ইউপি নির্বাচন, ২০২১ উপলক্ষে নির্বাচনী ফলাফল মিডিয়া প্রজেক্টরে প্রদর্শন ও পরিষদের নিরাপত্তার নিমিত্তে সিসি ক্যামেরা স্থানান্তর/ মেরামত ও লাইটিং ইত্যাদি বাবদ ১১,৩০৫/- টাকা; এবং উপজেলা পরিষদে অফিস সরঞ্জামাদি ক্রয় ২৫,০০০/- টাকা ব্যয় অনুমোদনের জন্য প্রস্তাব করেন।		
		তিনি আরও বলেন, স্থানীয় সরকার মন্ত্রণালয়, স্থানীয় সরকার বিভাগ,উপজেলা-২ শাখা এর ১৬.০৮.২০২১ তারিখের ৪৬.০০.০০০০.০৪৫. ২০.০০৪.২১-৪৫৪ নং স্মারকে করোনা ভাইরাসের (কোভিড-১৯) বিস্তাররোধকল্পে প্রতিরোধমূলক ব্যবস্থা মাস্ক,হ্যান্ড স্যানিটাইজার, এ্যান্টিসেপটিক সাবান, পালস অক্সিমিটার, অক্সিজেন সিলিন্ডার, থার্মাল স্ক্যানার ইত্যাদি বিনামূল্যে বিতরণ/সেবা প্রদানের জন্য ১ম কিস্তিতে এ উপজেলার জন্য ২লক্ষ ৯৯ হাজার	(গ) বিস্তারিত আলোচনান্তে বরাদ্দকৃত অর্থের মধ্যে হতে আপাতত: ১,৫০,০০০/- টাকার করোনা ভাইরাসের প্রতিরোধমূলক সামগ্রী নিম্নে বর্ণিত প্রকল্প কমিটির মাধ্যমে ক্রয় করার সিদ্ধান্ত গৃহীত হয়।	(গ)চেয়ারম্যান,উপজেলা পরিষদ/উপজেলা নির্বাহী অফিসার, হবিগঞ্জ সদর

		টাকা বরাদ্দ প্রদান করা হয়েছে। বরাদ্দকৃত অর্থের দ্বারা প্রকল্প গ্রহণ করার উপর তিনি গুরুত্বারোপ করেন। তিনি স্থানীয় সরকার বিভাগের উপজেলা-১ শাখার ১০ আগষ্ট ২০২১ তারিখের ৪৬.০০. ০০০০.০৪৬.০২০.০১০.২০২০-৫১২ নং স্মারক সভায় উপস্থাপন করেন। এতে দেখা যায়, ২০২১-২২ অর্থ বছর হতে উপজেলা পরিষদের জীপগাড়ীর জ্বালানী খরচ/ব্যয় রাজস্ব তহবিল হতে নির্বাহ করার জন্য নির্দেশনা প্রদান করা হয়েছে। কিন্তু ২০২০-২১ অর্থ বছরের মে ও জুন মাসের গ্যাস ও জ্বালানী বিল বাবদ ৩২,২৩০/- টাকা বরাদ্দ না থাকায় পরিশোধ করা সম্ভব হচ্ছে না। উপজেলা পরিষদের জীপ গাড়ীর জুলাই, ২০২১ হতে নভেম্বর,২০২১ সময়ের গ্যাস ও জ্বালানী বিল ৬২,৩০১/- টাকা; উক্ত জীপগাড়ীর জুলাই, ২০২১ হতে অক্টোবর,২০২১ সময়ের পেট্রোল, অয়েল লুব্রিকেন্ট বিল ৯,৯২০/- টাকা বিল রাজস্ব তহবিল হতে পরিশোধ করার এবং ২০২০-২১ অর্থ বছরের মে ও জুন মাসের অপরিশোধিত গ্যাস ও জ্বালানী বিল বাবদ ৩২,২৩০/- টাকা বরাদ্দ প্রদানের জন্য পত্র দেয়ার প্রস্তাব করেন।	(ঘ) বিস্তারিত আলোচনান্তে স্থানীয় সরকার বিভাগের পত্রের আলোকে উপজেলা পরিষদের জীপ গাড়ীর জুলাই, ২০২১ হতে নভেম্বর,২০২১ সময়ের গ্যাস ও জ্বালানী বিল ৬২,৩০১/- টাকা ও জুলাই, ২০২১ হতে অক্টোবর, ২০২১ সময়ের পেট্রোল, অয়েল লুব্রিকেন্ট বিল ৯,৯২০/- টাকা বিল রাজস্ব তহবিল হতে পরিশোধ করার এবং বরাদ্দের অপ্রতুলতার দরুন ২০২০-২১ অর্থ বছরের মে ও জুন মাসের অপরিশোধিত গ্যাস ও জ্বালানী বিল বাবদ ৩২,২৩০/- টাকা বরাদ্দ প্রদানের জন্য পত্র দেয়ার সিদ্ধান্ত গৃহীত হয়।	(ঘ) চেয়ারম্যান, উপজেলা পরিষদ/উপজেলা নির্বাহী অফিসার, হবিগঞ্জ সদর

২১। মহিলা ভাইস চেয়ারম্যান, ভাইস চেয়ারম্যান ও চেয়ারম্যান, উপজেলা পরিষদ, হবিগঞ্জ সদর এর অনুচ্ছেদ ২০ (খ) (গ) ও (ঘ) এর প্রস্তাবানুযায়ী উপজেলা রাজস্ব তহবিল হতে নিম্নেবর্ণিত ব্যয় অনুমোদনের জন্য গৃহীত হয়।

ক্র: নং	প্রস্তাবিত ব্যয়ের বিবরণ ও সিদ্ধান্ত	বাস্তবায়ন
০১	উপজেলা পরিষদের নভেম্বর,২০২১ মাসের মাসিক সভার আপ্যায়ন বিল= ৩০,০০০/- টাকা ব্যয় ভাউচার সভায় অনুমোদিত হয়।	চেয়ারম্যান, উপজেলা পরিষদ/ উপজেলা নির্বাহী অফিসার, হবিগঞ্জ সদর
০২	উপজেলা পরিষদের মনোহারী দ্রব্যাদি ক্রয় বাবদ ৮,০০০/- টাকা ব্যয় ভাউচার সভায় অনুমোদিত হয়।	চেয়ারম্যান,উপজেলা পরিষদ/ উপজেলা নির্বাহী অফিসার, হবিগঞ্জ সদর
০৩	ইউপি নির্বাচন,২০২১ উপলক্ষে নির্বাচনী ফলাফল মিডিয়া প্রজেক্টরে প্রদর্শন ও পরিষদের নিরাপত্তার নিমিত্তে সিসি ক্যামেরা স্থানান্তর/মেরামত ও লাইটিং ইত্যাদি বাবদ ১১,৩০৫/- টাকা ব্যয় ভাউচার সভায় অনুমোদিত হয়।	চেয়ারম্যান, উপজেলা পরিষদ/ উপজেলা নির্বাহী অফিসার, হবিগঞ্জ সদর
০৪	উপজেলা পরিষদের জীপ গাড়ীর জুলাই,২০২১ হতে নভেম্বর,২০২১ সময়ের গ্যাস ও জ্বালানী বিল ৬২,৩০১/- টাকা ব্যয় ভাউচার সভায় অনুমোদিত হয়।	চেয়ারম্যান, উপজেলা পরিষদ/ উপজেলা নির্বাহী অফিসার, হবিগঞ্জ সদর
০৫	উপজেলা পরিষদের জীপ গাড়ীর জুলাই,২০২১ হতে অক্টোবর,২০২১ সময়ের পেট্রোল,অয়েল লুব্রিকেন্ট বিল ৯,৯২০/- টাকা ব্যয় ভাউচার সভায় অনুমোদিত হয়।	চেয়ারম্যান, উপজেলা পরিষদ/ উপজেলা নির্বাহী অফিসার, হবিগঞ্জ সদর
০৬	উপজেলা পরিষদের অফিস সরঞ্জামাদি ক্রয় ২৫,০০০/- টাকা ব্যয় ভাউচার সভায় অনুমোদিত হয়।	চেয়ারম্যান, উপজেলা পরিষদ/ উপজেলা নির্বাহী অফিসার, হবিগঞ্জ সদর
০৭	ভাইরাসের (কোভিড-১৯) বিস্তাররোধকল্পে প্রতিরোধমূলক ব্যবস্থা মাস্ক,হ্যান্ড স্যানিটাইজার, এ্যান্টিসেপটিক সাবান, পালস অক্সিমিটার, অক্সিজেন সিলিন্ডার, থার্মাল স্ক্যানার ইত্যাদি ক্রয় বাবদ ১,৫০,০০০/- টাকা ব্যয় করার সিদ্ধান্ত গৃহীত হয়। **প্রকল্প কমিটি** ১। জনাব বাঁধন আচার্য্য,মেডিক্যাল অফিসার, উপ: প: প: অফিস,হবিগঞ্জ সদর......সভাপতি ২। জনাব মোহাম্মদ জাহান,উপজেলা প্রকল্প বাস্তবায়ন অফিসার,হবিগঞ্জ সদর.... সদস্য-সচিব ৩। জনাব হাসনা হেনা, উপজেলা সমবায় অফিসার,হবিগঞ্জ সদর .... সদস্য	চেয়ারম্যান, উপজেলা পরিষদ/ উপজেলা নির্বাহী অফিসার/ উপজেলা প্রকৌশলী, হবিগঞ্জ সদর

	৪। জনাব প্রণেশ চন্দ্র বর্মা, উপজেলা সমাজসেবা অফিসার,হবিগঞ্জ সদর .... সদস্য ৫। জনাব মাহবুবুর রহমান, উপ সহকারী কৃষি কর্মকর্তা,হবিগঞ্জ সদর .... সদস্য ৬। জনাব হাছিনুর রহমান তালুকদার,উপজেলা যুব উন্নয়ন অফিসার,হবিগঞ্জ সদর.... সদস্য ৭। জনাব রুপক চন্দ্র বণিক, শাখা ব্যবস্থাপক,পল্লী সঞ্চয় ব্যাংক,হবিগঞ্জ সদর.........সদস্য	

সভায় অন্য কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি কর্তৃক উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

মোতাচ্ছিরুল ইসলাম
চেয়ারম্যান
উপজেলা পরিষদ
হবিগঞ্জ সদর

স্মারক নং-০৫.৪৬.৩৬৪৪.০০১.০৪.০১২.২০২১- ৮৭২(৩০) তারিখ : ৩০ নভেম্বর ২০২১

অনুলিপি সদয় অবগতি ও কার্যার্থে :

১। মাননীয় সংসদ সদস্য, হবিগঞ্জ-৩
২। সিনিয়র সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৩। কমিশনার, সিলেট বিভাগ, সিলেট
৪। পরিচালক, স্থানীয় সরকার, সিলেট বিভাগ, সিলেট
৫। জেলা প্রশাসক, হবিগঞ্জ
৬। উপ-পরিচালক, স্থানীয় সরকার, হবিগঞ্জ
৭। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, হবিগঞ্জ সদর, হবিগঞ্জ
৮। চেয়ারম্যান ....ইউপি(সকল), হবিগঞ্জ সদর, হবিগঞ্জ
৯। ....সদস্য(সকল), হবিগঞ্জ সদর, হবিগঞ্জ

৩০.১১.২০২১
বর্ণালী পাল
উপজেলা নির্বাহী অফিসার
হবিগঞ্জ সদর

পরিশিষ্ট 'ক'

৩০.১১.২০২১ খ্রি: তারিখে অনুষ্ঠিত উপজেলা পরিষদের নভেম্বর,২০২১ মাসের মাসিক সভায় উপস্থিতির তালিকা :

(স্বাক্ষরের ক্রমানুসারে)

ক্রমিক নং	নাম	পদবী	স্বাক্ষরিত
০১	জনাব বর্ণালী পাল	উপজেলা নির্বাহী অফিসার,হবিগঞ্জ সদর	
০২	জনাব ফেরদৌস আরা বেগম	মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, হবিগঞ্জ সদর	
০৩	জনাব ফারুক আহমদ	উপজেলা প্রকৌশলী, এলজিইডি, হবিগঞ্জ সদর	
০৪	জনাব রওশন আরা বেগম	উপজেলা প: প: কর্মকর্তা, হবিগঞ্জ সদর	
০৫	জনাব প্রাণেশ চন্দ্র বর্মা	উপজেলা সমাজসেবা কর্মকর্তা, হবিগঞ্জ সদর	
০৬	জনাব মো: আক্কাছ আলী	সহকারী উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা,হবিগঞ্জ সদর	
০৭	জনাব মো: জিয়া উদ্দিন	উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার,হবিগঞ্জ সদর	
০৮	জনাব সুকান্ত ধর	উপজেলা কৃষি অফিসার, হবিগঞ্জ সদর	
০৯	জনাব বাঁধন আচার্য্য	মেডিকেল অফিসার, উপজেলা প:প: অফিস,হবিগঞ্জ সদর	
১০	জনাব মো: দেলোয়ার হোসেন	উপজেলা ডেভেলপমেন্ট ফ্যাসিলিটেটর, হবিগঞ্জ সদর	
১১	জনাব মো: আফতাব উদ্দিন	উপজেলা শিক্ষা অফিসার,হবিগঞ্জ সদর	
১২	জনাব হাসনা হেনা	উপজেলা সমবায় কর্মকর্তা, হবিগঞ্জ সদর	
১৩	জনাব মো: রায়হান উদ্দিন	উপজেলা পল্লী উন্নয়ন অফিসার,হবিগঞ্জ সদর	
১৪	জনাব রুপক চন্দ্র বণিক	শাখা ব্যবস্থাপক, পল্লী সঞ্চয় ব্যাংক, হবিগঞ্জ সদর	
১৫	জনাব মো: মাহমুদুল হাসান	সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা, হবিগঞ্জ সদর	

পরিশিষ্ট 'খ'

৩০.১১.২০২১ খ্রি: তারিখে অনুষ্ঠিত উপজেলা পরিষদের নভেম্বর,২০২১ মাসের মাসিক সভায় অনুপস্থিতি তালিকা :

ক্রমিক নং	নাম	পদবী
০১	জনাব মাহবুবুর রহমান আউয়াল	ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, হবিগঞ্জ সদর
০২	জনাব মো: আব্দুর রাজ্জাক	সহকারী প্রকোশলী জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, হবিগঞ্জ সদর
০৩	জনাব রনজিৎ কুমার আচার	উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, হবিগঞ্জ সদর
০৪	জনাব এ এম রাকিবুল হক	উপসহকারী প্রকৌশলী বিএডিসি সেচ, হবিগঞ্জ সদর
০৫	জনাব মোহাম্মদ জাহান	উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, হবিগঞ্জ সদর
০৬	জনাব গৌবাপদ দে	উপজেলা খাদ্য নিয়ন্ত্রক,হবিগঞ্জ সদর